অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ট্র্যাক্টর ট্রেলার এবং বানিজ্যিক বাসের উপর নিষেধাজ্ঞা তুলে নেওয়ার ঘোষণা করেছেন পশ্চিম নিউ ইয়র্কের I-90, I-190 এবং I-290 -তে

স্টেট রুট 400 এবং যুক্তরাষ্ট্র রুট 219 এর সম্পূর্ণ নিষেধাজ্ঞাও তুলে নেওয়া হয়েছে

অন্য সমস্ত পূর্বে ঘোষিত স্টেটের রাস্তায় নিষেধাজ্ঞা বলবৎ আছে কারণ কঠোর শীতকালীন আবহাওয়ার অবস্থাগুলি অব্যাহত আছে

পতনশীল তাপমাত্রার কারণে চালকদের রাস্তায় নাবতে বারণ করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো ঘোষণা করেছেন যে পশ্চিম নিউইয়র্কে I-90, I-190 এবং I-290-তে ট্র্যাক্টর ট্রেলার এবং বানিজ্যিক বাসের উপর বর্তমানে যে নিষেধাজ্ঞা আছে তা তুলে নেওয়া হয়েছে এবং তা অবিলম্বে কার্যকর হবে| পশ্চিম নিউইয়র্কে রাস্তার উপর এক নিষেধাজ্ঞা কার্যকর করা হয় মঙ্গলবার জানুয়ারী 29 এ সকাল 8টা থেকে শুরু করে| সম্পূর্ণ মূল্যায়ন করার পরে, স্টেট পুলিশ এই তিনটি রাস্তার অবস্থা নিরাপদ বলে গণ্য করেছেন| তা ছাড়াও, স্টেট রুট 400 এবং যুক্তরাষ্ট্র রুট 219 এ, পিটার্স রোড থেকে ইন্টারস্টেট 90 অবধি সম্পূর্ণ বন্ধ রাখার নিষেধাজ্ঞা তুলে নেওয়া হয়েছে| গভর্নর পশ্চিম নিউ ইয়র্কের চালকদের রাস্তায় নাবতে বারণ করেন কারণ তাপমাত্রা শূন্যের নিচেই রয়ে গেছে|

স্টেট রুট 5 এ, স্টেট রুট 179 থেকে I-190 অবধি সম্পূর্ণ রাস্তা বন্ধের নির্দেশ কার্যকর রয়েছে| রাস্তার এই অংশ সকালে যাতায়াতের জন্য আবার খোলা হবে বলে আশা করা হচ্ছে, কিন্তু চূড়ান্ত সিদ্ধান্ত শীঘ্রই নেওয়া হবে বাতাসের অবস্থা উপর নির্ভর করে, সফররত জনসাধারণের নিরাপত্তা নিশ্চিত করতে|

তা ছাড়াও, ইন্টারস্টেট 81 এ, ক্যানাডিয়ান সীমান্ত থেকে স্টেট রুট 104 অবধি ট্র্যাক্টর ট্রেলার এবং বানিজ্যিক বাসের উপর নিষেধাজ্ঞা কার্যকর থাকবে|

"গত দুই দিন ধরে আমি সরাসরি পশ্চিম নিউ ইয়র্কে রাস্তার প্রতারণাপূর্ণ অবস্থা দেখেছি, এবং ট্র্যাক্টর ট্রেলার এবং বানিজ্যিক বাসের চলাচলের উপর নিষেধাজ্ঞার ফলে এই রাস্তাগুলি অপেক্ষাকৃত নিরাপদ ছিল", **গভর্নর কুওমো বলেন।** "অন্যান্য বড় রাস্তাগুলিতে যাতায়াতের নিষেধাজ্ঞা এখনো কার্যকর আছে, এবং আমি নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করছি সতর্কতা বজায় রাখতে কারণ তাপমাত্রা এখনো হিমশীতল রয়েছে| স্টেট স্থানিত অঞ্চলগুলিকে সহায়তা প্রদান কবে যেমন প্রয়োজন যতক্ষণ না ঝড়ের সব চেয়ে প্রবল প্রকোপ শেষ না হয়|"

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা আই ফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করতে বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি

মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন এই লিঙ্ক https://wwwapps.thruway.ny.gov/tas/index.aspx অনুসরণ করে যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে। প্রধান ঘটনাগুলির সময়, কর্তৃপক্ষ হাইওয়ে অ্যাডভাইজরি রেডিও (Highway Advisory Radio, HAR) সম্পর্কিত তথ্য প্রচার করে এবং মোটরচালকদের সতর্ক করার জন্য ভেরিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs, VMS) সক্রিয় করে।

ভ্রমণের পূর্বে মোটরচালকদের 511 এ কল করে বা https://protect2.fireeye.com/url?k=8aaf7164-d697d606-8aad8851-000babd9f75c-2b1ced88c7e73fba&u=https://www.511ny.org/ তে প্রবেশ করে 511NY চেক করতেও মনে করে দেওয়া হচ্ছে। ফ্রি পরিষেবার সাহায্যে ব্যবহারকারীরা রাস্তার অবস্থা এবং ট্রানজিটের তথ্য জেনে নিতে পারবেন। মোবাইল ব্যবহারকারীরা আই টিউন্স (iTunes) অথবা গুগল প্লে (Google Play) স্টোর থেকে ফ্রি 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করতে পারবেন। অ্যাপটিতে এখন ড্রাইভ মোডের বৈশিষ্ট্য যোগ করা হয়েছে, এই মোডে ব্যবহারকারী তার বেছে নেওয়া রাস্তা ধরে গাড়ি চালানোর সময়ে অ্যালার্ট শুনতে পাবেন, কোনও দুর্ঘটনা অথবা কনস্ট্রাকশনের কথা তাদের জানিয়ে দেওয়া হবে। ব্যবহারকারীরা বের হওয়ার আগে গন্তব্যস্থান সেট করে নিতে পারবেন এবং তিনটি পর্যন্ত রাস্তা ধরে গতিপথের জন্য তথ্য পেতে পারবেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন